

ইঞ্জিতে তব, হৃদয়ের তলে

জাগুক প্রতিভা জননি ।

জ্ঞানের গরিমা কিরীটিনী তুমি

অন্ধে নঘন-দায়িনী ॥

শ্রীসত্যেন্দ্রনাথ মুখোপাধ্যায়,

তৃতীয় বার্ষিক শ্রেণী ।

বীণাপাণি-বন্দনা ।

আয় মা জননি, আয় বীণাপাণি, আয় মা এ দীন কুটিরে,

আজি অশ্রুসিক্ত কুমুম-নিচয়, কুড়ায়ে এনেছি আদরে ।

আমি জানিনা মাগো, ভজন পূজন, জানিনা করিতে ধ্যান,

এনেছি কেবল ভক্তি-অর্থ কমল চরণে করিতে দান ।

ভেঙ্গে গেছে আজ বালির বাঁধ, কেটে গেছে মোহ-ঘুম-ঘোর,

লুপ্ত চেতনা, বন্ধে ধরিয়া, এসেছি জননি, নিকটে তোরা ।

ধরিলেন যিনি বীণার যন্ত্রে অমিয়কণ্ঠে মধুর তান,

স্তব্ধ হইল বিশ্ব-জগৎ দেবতা স্তনিল পাতিয়া কাণ ।

জ্ঞানের আলোকে ঘুচালেন যিনি, ভুবনে তিমির-ক্লেশ,

সেই ত তুই মা—তুই বীণাপাণি উজল-বরণী সুরূপাবেশ ।

ভেঙ্গে গেছে আজ বালির বাঁধ, কেটে গেছে মোহ-ঘুম-ঘোর,

লুপ্ত চেতনা, বন্ধে ধরিয়া, এসেছি জননি, নিকটে তোরা ।

পূজিতে যাহার অমল চরণ করিল “মধু” মধুময়,

উজল করিতে আসিল “হেম” সারাটা দেশ জাগিল তায়,

গানেতে রাখিল ডুবায়ে “রজনী” ঘুমাল জগৎ সুরেতে তা’র,

সেই ত তুই মা বিশ্বজননী বিদ্যাদায়িনী সারাৎসার ।

ভেঙ্গে গেছে আজ বালির বাঁধ কেটে গেছে মোহ-ঘুম-ঘোর,

লুপ্ত চেতনা, বন্ধে ধরিয়া, এসেছি জননি, নিকটে তোরা ।

অস্বাভ তোমার শক্তি-বলে “মাঠের রাখাল” হইল কবি
 দস্য হইল, পরম উক্ত, রহিল তাহার কীর্তি-ছবি ।
 “অস্তুর মম বিকশিত কর” বলিয়া “রবি” গাহিল গান;
 তোমারেই শুধু চাহিত “দ্বিজ” “চাহেনি অর্থ চাহেনি মান”
 ভেঙ্গে গেছে আজ বালির বাঁধ, কেটে গেছে মোহ-ঘুম-ঘোর,
 লুপ্ত চেতনা, বন্ধে ধরিয়া, এসেছি জননি, নিকটে তোর ।

কি বোল বলিয়া জানাব তোমা কি গান গাহিয়া ডাকিব মা ?
 তুমি যে আমার অতি আপনার কিছুই আমি মা জানি ত না,
 দাও মা খুলিয়া চ'খের ঠুলি, আনুক আমাতে জানের আলোক,
 হেরিয়া আমার, জননী-চরণ, উঠুক হৃদয়ে ভক্তি-পুলক ।
 ভেঙ্গে গেছে আজ বালির বাঁধ, কেটে গেছে মোহ-ঘুম-ঘোর,
 লুপ্ত চেতনা, বন্ধে ধরিয়া, এসেছি জননি, নিকটে তোর ।

শ্রীভোলানাথ মুখোপাধ্যায়,
 দ্বিতীয় বার্ষিক শ্রেণী, 'B' শাখা ।

বাণীর বিকাশ ।

ভিন্নার অঙ্গন-মাঝে সহসা কেন গো আজি
 ঝঙ্কারিল সপ্তসুরে বীণ ?
 ছিন্ন জীবন-তারে কে তুমি আঘাতি কেন
 তুলিবারে চাও কণ্ঠ ক্ষীণ ?
 না, না আজি বেঙ্গে গেছে শেষ ঘণ্টা আরতির
 ঝ'রে গেছে শেষ অশ্রুসীম ;
 রক্ত হৃদয়ের পুরে ব'সে আছি সাধনায়
 প্রাণ আজ নহে ত অধীর ।
 প্রতীক্ষায় পথপানে চেয়ে আজ অন্ধ আমি
 তবু তোর নাহি দরশন—